গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০০৭.২০১৫- ১৭৫ তারিখ ঃ ০৯/১২/২০১৫ইং।

বিষয় ঃ নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ অনুযায়ী ৩৪তম বিসিএস-এ ক্যাডার পদে সুপারিশ প্রাপ্ত নয় এমন প্রার্থীদের মধ্য হতে নন-ক্যাডার প্রথম শ্রেণির পদে সুপারিশের ফলাফল ঘোষণা প্রসঙ্গে।

নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ এর বিধান অনুযায়ী ৩৪তম বিসিএস পরীক্ষায় ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নয় এমন প্রার্থীদের মধ্য হতে নির্বাচন কমিশন সচিবালয়ের 'উপজেলা/থানা নির্বাচন অফিসার' এর ৩৩ টি এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন নিবন্ধন পরিদপ্তরের 'সাব-রেজিস্ট্রার' এর ৪৮টি পদ সংশ্লিষ্ট নিয়োগ বিধিতে উল্লেখিত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন নিম্নে বর্ণিত রেজিস্ট্রেশন নম্বরের প্রার্থীদের ৩৪তম বিসিএস-এ অর্জিত মেধাক্রম ও বিদ্যমান কোটা পদ্ধতি অর্থাৎ উভয় ক্যাটাগরি শূন্যপদের ৪৫% পদ মেধার ভিত্তিতে অবশিষ্ট ৫৫% পদ সংশ্লিষ্ট বিভাগ/জেলার জনসংখ্যার ভিত্তিতে ৩০% মুক্তিযোদ্ধা, ১০% মহিলা, ৫% ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং ১০ % জেলা কোটার পদ সংশ্লিষ্ট কোটার প্রার্থীদের দ্বারা পূরণ করে নিয়োগের জন্য কমিশন সাময়িকভাবে (provisionally) সুপারিশ করেছে । উল্লেখ্য কোটা বণ্টন সংক্রান্ত ১২.০১.২০১২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.০৭.০৫৭.১১-১৫ নং পরিপত্রের শর্তানুযায়ী বিদ্যমান কোটাসমূহে পর্যাপ্ত সংখ্যক যোগ্য প্রার্থী থাকায় এবং কোটার সকল পদ সংশ্লিষ্ট কোটার প্রার্থীদের দ্বারা পূরণ হওয়ায় বিদ্যমান কোটায় কোনো পদ শূন্য না থাকায় প্রতিবন্ধী প্রার্থীদের প্রাপ্যতা সৃষ্টি হয়নি। শিক্ষাগত যোগ্যতা, মেধা এবং কোটার ভিত্তিতে সুপারিশকৃত প্রার্থীদের পদের নাম ও রেজিস্ট্রেশন নম্বর নিম্নে দেয়া হলো ঃ

(১) **নির্বাচন কমিশন সচিবালয়**
পদের নাম ঃ উপজেলা/থানা নির্বাচন অফিসার
রেজিস্ট্রেশন নম্বর-
071723 058835 096340 069807 013204 300252 062816 305925 305420 096580 066972
057427 030962 024559 030444 073072 027778 095867 017761 034688 300444 095974
026683 017767 006630 033369 098570 040440 059806 308653 029213 047424 036597
TOTAL = 33 জন।

(২) **আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন নিবন্ধন পরিদপ্তর**
পদের নাম ঃ সাব-রেজিস্ট্রার
রেজিঃ নম্বর-
082603 088922 032058 038882 030760 031884 038686 012760 048397 031533 038415 313162
088461 028373 030725 024994 102999 010562 088466 202963 031873 071918 304293 016064
071939 027130 071159 027961 052237 018513 093399 601911 076200 040640 018471 017768
316771 031086 030631 313965 030363 205997 000898 017880 020389 TOTAL = 45 জন।

২। পরবর্তীতে যে কোনো সময় সাময়িকভাবে সুপারিশকৃত কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে সুপারিশ বাতিল করে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো ত্রুটি প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্ত করণ ছাড়াও তার বিরুদ্ধে উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩। উল্লেখ্য, নিয়োগের পূর্বে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৮.০৬.২০১৫ তারিখের ৪৮.০০.০০০০.০০৩.১৭.০২০.২০১২/৩৭৬ নং পত্রের সিদ্ধান্ত অনুযায়ী মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত প্রার্থীর তথ্য এবং মুক্তিযোদ্ধা সনদ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে যাচাই বাছাইপূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন। একইভাবে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা এবং জেলা কোটায় সুপারিশ প্রাপ্তদের তথ্যাদিও নিয়োগের পূর্বে যথাযথ এজেন্সির মাধ্যমে যাচাইপূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ প্রদান সম্পন্ন করবেন।

৪। প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি প্রার্থীর প্রদত্ত অংগীকারনামার ভিত্তিতে কমিশন সাময়িকভাবে প্রার্থীকে সুপারিশ করেছে। তবে তাঁর নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকারী সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

৫। বিশেষভাবে উল্লেখ্য, ৩৪তম বিসিএস পরীক্ষায় কোনো প্রার্থী নন-ক্যাডার পদের জন্য কমিশনে আবেদন করে থাকলেও তিনি নন-ক্যাডার পদে সুপারিশের জন্য অযোগ্য বিবেচিত হবেন যদি তিনি ৩৪তম বিসিএস এর পূর্ববর্তী কোনো বিসিএস পরীক্ষায় ইতঃপূর্বে সুপারিশপ্রাপ্ত হয়ে ক্যাডার পদে নিয়োজিত থাকেন।

৬। মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন বৃত্তান্ত যাচাইয়ের পর সরকার কর্তৃক প্রার্থীদের নিয়োগ দেয়া হবে।

৭। **তথ্য বিভ্রাট/প্রশাসনিক কারণে ফলাফল স্থগিত:** তথ্য বিভ্রাট এবং ঠিকানা গরমিলের কারণে রেজিস্ট্রেশন নম্বর-০৩৯০৩৯, ৪০৮৮০৮, ০৩০৯৫৪ জন প্রার্থীর ফলাফল কমিশন কর্তৃক সাময়িকভাবে স্থগিত রাখা হয়েছে। পরবর্তীতে কমিশন কর্তৃক গঠিত তদন্ত কমিটির নিকট প্রয়োজনীয় কাগজপত্র/প্রত্যয়ন দাখিলের জন্য যথাসময়ে প্রার্থীদের অবহিত করা হবে।

৮। উল্লেখ্য, নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ এবং ১৬/০৬/২০১৪ তারিখে জারিকৃত সংশোধিত বিধি অনুসরণ করে কমিশন কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে বিভিন্ন মন্ত্রণালয় হতে প্রাপ্ত ১ম শ্রেণির পদের সুপারিশ সম্পন্নের পর সরকারের নিকট হতে ২য় শ্রেণির পদের অধিযাচন প্রাপ্তি সাপেক্ষে দ্বিতীয় শ্রেণির পদের সুপারিশ প্রদান করা হবে।

৯। প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

৯.১২.১৫
(আ.ই.ম নেছার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

[পড়াশুনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন; চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদ্‌বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]

নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০০৭.২০১৫- ১৭৫ তারিখ ঃ ০৯/১২/২০১৫ইং।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সকল দৈনিক সংবাদপত্রে জরুরি ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)। প্রেস বিজ্ঞপ্তির ৪ টি অতিরিক্ত কপি সংযুক্ত করা হলো।

২। মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা। (বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)।

৩। বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা। (বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)।

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (কমিশন ওয়েবসাইট-এ প্রেস বিজ্ঞপ্তিটি আপলোড করার জন্য তাঁকে অনুরোধ করা হলো)।

৫। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (তাকে সকল ইলেকট্রনিক এবং প্রিন্ট মিডিয়ায় প্রেস বিজ্ঞপ্তিটি প্রচারে এবং প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

৯.১২.১৫
(আ.ই.ম নেছার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)